# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৫৮৭

পর্ব-১৭: দণ্ডবিধি (كتاب الحدود)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

## اَلْفَصْلُ الثَّالِثُ

### আরবী

وَعَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَقِيمُوا حُدُودَ اللَّهِ فِي الْقَرِيبِ وَالْبَعِيدِ وَلَا تَأْخُذْكُمْ فِي اللَّهِ لَوْمَةُ لائِمٍ» . رَوَاهُ ابنُ مَاجَه

### বাংলা

৩৫৮৭-[৩৩] ’উবাদাহ্ ইবনুস্ সামিত (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নিকটবর্তী এবং দূরবর্তী আত্মীয়-স্বজন সকলের ওপর আল্লাহর দণ্ডবিধি কার্যকর কর। আর আল্লাহর এ বিধান প্রয়োগে কোনো তিরস্কারকারীর তিরস্কার যেন তোমাদের জন্য বাধা না হয়। (ইবনু মাজাহ)[1]

### ফুটনোট

[1] হাসান : ইবনু মাজাহ ২৫৪০, সহীহ আত্ তারগীব ২৩৫২, মুসতাদরাক লিল হাকিম ২৪০৪।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: নিকটাত্মীয় ও আত্মীয়- এ কথার ভাবার্থ হলো স্বগোত্রীয় ও ভিন্ন গোত্রীয় কিংবা শক্তিধর বা দুর্বল প্রত্যেকের ওপর কার্যকরী হবে।

(لَوْمَةُ لَائِمٍ) চাই তিরস্কারী মতের স্বপক্ষে হোক বা বিরোধী হোক বা মুনাফিক হোক। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উবাদা ইবনুস সামিত (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68914

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন